


# যুগান্তর

## নর্থ সাউথ ইউনিভার্সিটিতে নবীনের উৎসব

প্রকাশ : ২৪ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হল ফল-২০১৮ সেমিস্টারের নবীনবরণ। ভিসি অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচটি ইমাম, বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এমএ হাসেম।

উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এমএ কাশেম, মোহাম্মদ শাহজাহান, ইয়াসমিন কামাল ও রেহানা রহমান, প্রো-ভিসি (দায়িত্বপ্রাপ্ত) গিয়াস ইউ আহসান। বক্তব্য দেন রেজিস্ট্রার এএইচ লুৎফুল হাসান প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে এইচটি ইমাম নবাগত শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, তোমরা বাংলাদেশেই বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত হয়ে দেশের মুখ উজ্জ্বল করবে এটাই আমার বিশ্বাস। তিনি বলেন, তোমরা বাংলা বা ইংরেজি যে ভাষায় কথা বল না কেন সেটি যেন শুদ্ধ উচ্চারণ হয়।

বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, আমরা যার যার দায়িত্ব সঠিকভাবে সঠিক সময়ে করব। ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে প্রয়োজনীয় সব সুযোগ-সুবিধা প্রদান করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।